

সচিব  
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
পরিকল্পনা মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



Secretary  
Statistics and Informatics Division  
Ministry of Planning  
Government of the People's Republic  
of Bangladesh

উপানুষ্ঠানিক পত্র নং-৫২.০১.০০০০.৪০৯.৪৭.২৯৩-৫৩৮২

৩০ জুলাই ২০২২  
৩১ জুলাই ২০২২  
৩১ জুলাই ২০২২  
৩১ জুলাই ২০২২

আমরা অবগত আছি যে, স্বাধীন বাংলাদেশে জাতির গিতা বজাবকু শেখ মুজিবুর রহমান এর নির্দেশনায় ১৯৭৪ সালে প্রথম আদমশুমারি ও গৃহগণনা পরিচালিত হয়। এরই ধারাবাহিকতায় ১৯৮১, ১৯৯১, ২০০১ এবং ২০১১ সালে ধারাবাহিকভাবে দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ এবং পঞ্চম আদমশুমারি ও গৃহগণনা অনুষ্ঠিত হয়েছে। ডিজিটাল বাংলাদেশ গড়ার অঙ্গীকার বাস্তবায়নের লক্ষ্যে সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে দশ বছর পর্যায়বৃত্তি অনুসরণপূর্বক ষষ্ঠ 'জনশুমারি ও গৃহগণনা ২০২২' বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক আগামী ১৫ হতে ২১ জুন ২০২২ তারিখ পর্যন্ত দেশব্যাপী পরিচালিত হবে। এ লক্ষ্যে ১৪ জুন ২০২২ তারিখ দিবাগত রাত ১২:০০টা-কে 'শুমারি রেফারেন্স পয়েন্ট/ সময়' হিসেবে ঘোষণা করা হয়েছে। এ বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী সানুগ্রহ অনুমোদন প্রদান করেছেন।

০২। জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর জন্য একটি ওয়েবভিত্তিক Integrated Census Management System (ICMS) প্রস্তুতসহ Geographical Information System (GIS) পদ্ধতি ব্যবহারপূর্বক গণনা এলাকার বিভিন্ন পর্যায়ের কন্ট্রোল ম্যাপ প্রস্তুত করা হয়েছে। জনশুমারির তথ্য সংগ্রহ কার্যক্রমে শুমারি কর্মী হিসেবে সারাদেশে প্রায় ৩ লক্ষ ৭০ হাজার গণনাকারী, ৬৪ হাজার সুপারভাইজার ও বিবিএস এর ৪ হাজার ৫০০ এর অধিক কর্মচারী এ প্রক্রিয়ার সাথে সরাসরি সম্পৃক্ত রয়েছেন। এছাড়াও, বিবিএস বহির্ভূত বিভিন্ন সরকারি দপ্তরের প্রায় ৯০০ জন কর্মচারী জোনাল অফিসার হিসেবে দায়িত্ব পালন করবেন।

০৩। বিবিএস কর্তৃক জনশুমারি পরিচালনা করা হলেও একটি সফল জনশুমারি পরিচালনার জন্য আপনার বিশ্ববিদ্যালয়ের আওতাধীন সকল বিভাগ, অনুষদ, ইন্সটিটিউট, গবেষণা ও প্রশিক্ষণ কেন্দ্র, লাইব্রেরি, আবাসিক হল/ আবাসিক এলাকা, ডরমিটরি প্রভৃতিতে নিয়োজিত/ বসবাসকারী শিক্ষক/ কর্মচারী/ ছাত্রসহ দেশের সকল নাগরিকের অংশগ্রহণ নিশ্চিত করা প্রয়োজন। সে লক্ষ্যে জনশুমারিতে দেশের সকল নাগরিকের অন্তর্ভুক্তি নিশ্চিতকরণসহ এ বৃহৎ কার্যক্রম সূচুভাবে বাস্তবায়নে আপনার বিশ্ববিদ্যালয়ের আওতাধীন বর্ণিত দপ্তরে নিয়োজিত কর্মচারীগণকে এ কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ ও সার্বিক সহায়তা নিশ্চিতকরণে আপনার সার্বিক সহযোগিতা একান্ত প্রয়োজন।

০৪। বর্ণিতাবস্থায়, আগামী ১৫ হতে ২১ জুন ২০২২ তারিখ পর্যন্ত অনুষ্ঠিতব্য জনশুমারি ও গৃহগণনা সূচুভাবে বাস্তবায়নে আপনার বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ, অনুষদ, ইন্সটিটিউট, গবেষণা ও প্রশিক্ষণ কেন্দ্র, লাইব্রেরি, আবাসিক হল/ আবাসিক এলাকা প্রভৃতির প্রধানকে শুমারিতে তথ্য প্রদানসহ সার্বিক সহযোগিতা ও সদয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানাচ্ছি।

সংযুক্তি: মন্ত্রিপরিষদ বিভাগের সভার রেকর্ড নোটস্ অব ডিসকাশনস্ ০১ কপি

শেখ হাসিনা

১৭. ০৫. ২২

ড. শাহনাজ আরেফিন, এনডিসি  
সচিব